ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সংবাদ বিজ্ঞপ্তি

## ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও টিআইবি'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

**হাসপাতালে স্বাস্থ্যসেবা বিষয়ক জনসচেতনতা তৈরীর লক্ষ্যে যৌথভাবে তথ্য ও পরামর্শ কার্যক্রম পরিচালিত হবে**

**ঢাকা, ২৯ ডিসেম্বর ২০১০:** স্বাস্থ্যসেবা বিষয়ক 'তথ্য ও পরামর্শ ডেস্ক কার্যক্রম' পরিচালনার উদ্দেশ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল (ঢামেকহা) ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ২৮ ডিসেম্বর সন্ধ্যায় টিআইবি কার্যালয়ে ঢামেকহা এর পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. শহীদুল হক মল্লিক ও টিআইবি'র নির্বাহী প্রধান ইফতেখারুজ্জামান এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এই সমঝোতা স্মারকের মাধ্যমে নাগরিক সনদ অনুযায়ী স্বাস্থ্যসেবার মান উন্নয়নের লক্ষ্যে ঢামেক হাসপাতাল সেবাগ্রহীতাদের স্বাস্থ্যসেবা বিষয়ক জনসচেতনতা তৈরীর সামাজিক আন্দোলনে সম্পৃক্ত হল।

'তথ্য ও পরামর্শ ডেস্ক কার্যক্রম' - বিভিন্ন সেবাপ্রতিষ্ঠানের সেবা বিষয়ক তথ্য প্রচার ও বিতরণের উদ্দেশ্যে টিআইবি পরিচালিত এক চলমান কর্মসূচী। স্বাস্থ্য, শিক্ষা ও স্থানীয় সরকার খাতে নির্বাচিত প্রতিষ্ঠানের সেবার মানোন্নয়নে কর্তৃপক্ষকে সহায়তার লক্ষ্যে একদিকে প্রাপ্য সেবা ও জনগনের অধিকার ও অন্যদিকে প্রতিষ্ঠানের সীমাবদ্ধতা ও সেবা প্রদান সম্পর্কিত নিয়মাবলী সম্পর্কে সেবাগ্রহীতাদের মাঝে সচেতনতা বৃদ্ধি ও কর্তৃপক্ষসহ সকল স্টেকহোল্ডারদের কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য সুপারিশ প্রদানই এই কর্মসূচীর উদ্দেশ্য।

উল্লেখ্য, ২০০৮ সাল থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বহির্বিভাগে মোট ৩৪টি 'ভ্রাম্যমাণ তথ্য ও পরামর্শ ডেস্ক' কার্যক্রম পরিচালিত হয়েছে। টিআইবি'র অনুপ্রেরণায় বৃহত্তর ঢাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে গঠিত ইয়েস (ইয়ূথ এনগেজমেন্ট এন্ড সাপোর্ট) গ্রুপ এর সদস্যগণ সম্পূর্ণ স্বেচ্ছাসেবার ভিত্তিতে এ কার্যক্রম পরিচালনা করে এ পর্যন্ত সর্বমোট ৩৫ হাজার পাঁচশত জনকে স্বাস্থ্যসেবা বিষয়ক বিভিন্ন ধরনের তথ্য ও পরামর্শ প্রদান করেছে।

আরো উল্লেখ্য যে, স্থানীয় পর্যায়ে টিআইবি'র উদ্যোগে প্রতিষ্ঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক), ২০০৪ সাল থেকে সারা দেশের ৪৫ টি অঞ্চলে বিভিন্ন সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানে ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে 'তথ্য ও পরামর্শ ডেস্ক' কার্যক্রম পরিচালনা করছে এবং অনেক ক্ষেত্রে সেবার মানের ইতিবাচক অগ্রগতিও সাধিত হয়েছে।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
যোগাযোগ: ০১৭১৩০৬৫০১২
rezwan@ti-bangladesh.org